



মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর বগুড়া জেলায় ০২নং জোনের অন্তর্ভুক্ত ১৭নং এরিয়ার ৮১নং শাখার সদস্য মোহাঃ মোস্তারী খাতুন। বগুড়ার সদর উপজেলার নাটাইপাড়া গ্রামে তাঁর বাড়ি। স্বামী মোঃ আশাদুল হক জনি। বিএ পাশ করার পর থেকেই মোস্তারীর স্বপ্ন নিজের পায়ে দাঁড়ানোর। আর্থিকভাবে স্বাবলম্বী হয়ে সাংসারিক ব্যয়ভার ভাগ করে নেবেন স্বামীর সঙ্গে। কম্পিউটার প্রশিক্ষণ সেন্টার থেকে ব্যবসায়ের ধারণা নিয়ে স্বপ্ন বাস্তবায়ন করতে ৩ বছর আগে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)- এর অহসর ঋণ প্রকল্পের আওতায় ঋণ নিয়ে কম্পিউটারের সফটওয়্যারের ব্যবসা শুরু করেন তিনি।

ব্যবসা পরিচালনার প্রয়োজনে এমএসএস থেকে ৩ বার ঋণ নেন মোস্তারী। তাঁর বর্তমান ঋণের পরিমাণ ৫ লাখ টাকা। ব্যবসায়ের বর্তমান মূলধন ৫০ লাখ টাকা। তাঁর 'কম্পিউটার সেন্টার' নামের এ প্রতিষ্ঠানে ১০০ জন ব্যক্তির কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। প্রতি মাসে কর্মচারীদের বেতন বাবদ ১০ লাখ টাকা এবং ব্যবসায়ের অন্যান্য খরচ বাবদ ৫০ হাজার টাকা খরচ হয়। ব্যবসা থেকে মোস্তারীর মাসিক আয় হয় ২০ লাখ টাকা। এছাড়া সব খরচ বাদ দিয়ে প্রতি মাসে তাঁর লাভ থাকে ৬ লাখ টাকা।

স্বামী-সন্তানসহ মোস্তারী আগে টিনশেড বাসায় ভাড়া থাকতেন। ব্যবসায় লাভবান হয়ে তিনি এখন পরিবার নিয়ে ফ্ল্যাট বাসায় থাকেন। মোস্তারীর নিজের ইচ্ছেশক্তির জোরে ঘুরে দাঁড়ানোর স্বপ্ন পূরণ হয়েছে। তবে তিনি ব্যবসা সম্প্রসারণের মাধ্যমে আরো প্রতিষ্ঠিত হওয়ার পাশাপাশি বেশি বেশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে চান। তাঁর এ স্বপ্ন পূরণে পাশে থাকার জন্য এমএসএস- এর প্রতি অশেষ কৃতজ্ঞতা প্রকাশ করেন মোস্তারী।

এটি মানবিক সাহায্য সংস্থা'র মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স  
ইউনিটের একটি প্রকাশনা  
সেল সেন্টার (৪র্থ তলা), ২৯ পশ্চিম পাছপথ, ঢাকা -১২০৫

## করোনাভাইরাস প্রতিরোধে এমএসএস- এর উপানুষ্ঠানিক শিক্ষালয়ের শিক্ষার্থীদের মধ্যে মাস্ক বিতরণ



মানবিক সাহায্য সংস্থা কর্তৃক পরিচালিত উপানুষ্ঠানিক শিক্ষালয়ের শিক্ষার্থীদের মধ্যে করোনাভাইরাস প্রতিরোধে মাস্ক বিতরণ করা হয়েছে। এমএসএস

পরিচালিত ৫টি স্কুলের মোট ৪০৯ জন শিক্ষার্থীর মধ্যে সচেতনতা তৈরিতে এসব মাস্ক বিতরণ করা হয়।

এ সময় উপানুষ্ঠানিক শিক্ষালয়ের শিক্ষার্থীদের সাধারণ স্বাস্থ্যবিধি মেনে চলতে উৎসাহিত করা হয়। এর মধ্যে শ্রেণিকক্ষে প্রবেশের সময় জীবাণুনাশক দিয়ে হাত জীবাণুমুক্ত করা, শ্রেণিকক্ষে প্রত্যেকের সঙ্গে দূরত্ব বজায় রেখে বসা, মাস্ক পরিধান করা প্রভৃতি নিয়মাবলী নিয়মিতভাবে মানা হয় যা করোনাকালীন শিক্ষার্থীদের সুস্থতার জন্য সহায়ক। পাশাপাশি উপানুষ্ঠানিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের পাঠদানের সময় সকল স্বাস্থ্যবিধি মেনে শিক্ষকবৃন্দ ক্লাস পরিচালনা করে থাকেন।

## এমএসএস টেকনিক্যাল ইনস্টিটিউট (এমটিআই)-এ বিশ্ব যুব দক্ষতা দিবস-২০২২ পালিত



সারা বিশ্বে ১৫ জুলাই পালিত হয় বিশ্ব যুব দক্ষতা দিবস। তারই ধারাবাহিকতায়, এ বছর এমএসএস টেকনিক্যাল ইনস্টিটিউট (এমটিআই) এর সৈয়দপুর

ক্যাম্পাসে বিশ্ব যুব দক্ষতা দিবস উপলক্ষ্যে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। এমটিআই- এর সকল শিক্ষার্থী, শিক্ষক ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ এ সভায় অংশগ্রহণ করেন।

বিশ্ব যুব দক্ষতা দিবসে চলতি বছরের প্রতিপাদ্য বিষয় ছিল- 'ট্রান্সফর্মিং ইয়ুথ স্কিলস ফর দ্য ফিউচার'। এ বিষয়বস্তুর আলোকে আলোচনা সভায় বিশ্বের তরুণদের বিভিন্ন দক্ষতায় দক্ষ হয়ে উঠার আহ্বান জানানো হয় এবং ভবিষ্যতের বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ যুবদের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরা হয়।

## নতুন ৩ ব্যাচকে প্রশিক্ষণ প্রদান করেছে এমএসএস ট্রেনিং ইউনিট



গত জুলাই, ২০২২ মাসে নতুন ৩টি ব্যাচে ২৮ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করেছে এমএসএস ট্রেনিং ইউনিট। "ইন্ডাকশন ট্রেনিং অব নিউ এমপ্লয়িস" এবং "বিল্ডিং স্কিলস অন মাইক্রোফাইন্যান্স অপারেশন অ্যান্ড ম্যানেজমেন্ট কোর্স ফর ম্যানেজার্স"- বিষয়ে ব্যাচগুলোতে

প্রশিক্ষণ প্রদান করা হয়। এমএসএস-এর প্রধান কার্যালয়ে এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়েছে।

সংশ্লিষ্ট কোর্সগুলোতে মানবিক সাহায্য সংস্থায় কর্মরত ১ জন ব্রাঞ্চ ম্যানেজার (BM), ১ জন জোনাল ম্যানেজার (ZM), ১৬ জন ট্রেনিং কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (TCDO), ৪ জন কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (CDO), ১ জন প্রোগ্রাম অফিসার (PO), ১ জন হিসাবরক্ষক (A/C) এবং আরো ৪ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। ০৩ জুলাই, ২০২২ থেকে ২৮ জুলাই, ২০২২ তারিখ পর্যন্ত এ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। প্রশিক্ষণ প্রদান করেন এমএসএস- এর ট্রেনিং কো-অর্ডিনেটর জনাব কাজী মঞ্জুর হাসান এবং ট্রেনিং অফিসার আবু সালে মোহাম্মদ আলাউদ্দীন করিম।